



বিবাহবন্ধনে আবদ্ধ হচ্ছেন ডাকসু ভিপি সাদিক কায়েম



ডাকসু ভিপি সাদিক কায়েম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভিপি ও ছাত্রশিবিরের কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদক সাদিক কায়েম বিয়ের বন্ধনে আবদ্ধ হতে যাচ্ছেন। আগামী ১৩ মে তার বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হওয়ার কথা রয়েছে।

বৃহস্পতিবার (৭ মে) বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন ডাকসুর ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক এবং ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার মানবসম্পদ উন্নয়নবিষয়ক সম্পাদক মাজহারুল ইসলাম।

জানা গেছে, সাদিক কায়েমের হবু স্ত্রীর নাম আনিকা ফরয়েজি। তিনি পেশায় একজন এমবিবিএস চিকিৎসক। তাদের বাড়ি কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলায়। পারিবারিকভাবে তারা ব্যবসায়ী পরিবার হিসেবে পরিচিত। আনিকার বাবা বিভিন্ন প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

সূত্র জানায়, বিয়ের আকদ অনুষ্ঠিত হতে পারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে। পরে রাজধানীর একটি কনভেনশন সেন্টারে বিবাহোত্তর আয়োজন করার পরিকল্পনা রয়েছে।